

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১৫৪ (আগরতলা ২১।০৪)
আগরতলা, ২১ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন
সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে : রিটার্নিং অফিসার

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন আধিকারিক তথা ধলাই জেলার জেলাশাসকের কার্যালয় থেকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নির্বাচন আধিকারিক সাজু বাহিদ এ আজ এক প্রেস নোটে জানিয়েছেন, আগামী ২২ এপ্রিল, ২০২৪ সকাল সাড়ে দশটা থেকে জেলাশাসকের অফিসের কনফারেন্স হলে ইলেকশন ডিউটি সার্টিফিকেট (ইডিসি) এর জন্য ১২বি ফর্ম এক্সচেঞ্জ করা হবে। আগামী ২১, ২২ এবং ২৩ এপ্রিল, ২০২৪ জরুরি পরিষেবায় নিযুক্ত অনুপস্থিত ভোটারদের জন্য পোস্টাল ভোটিং সেন্টার (পিভিসি) চালু থাকবে। নির্বাচনের কাজে নিযুক্ত সরকারি কর্মচারীদের জন্য পোস্টাল ব্যালট ফেসিলিটেশন সেন্টার (পিভিএফসি) খোলা থাকবে ২২ এবং ২৩ এপ্রিল, ২০২৪। প্রেস নোটে তিনি জানান, ৯১.৬০ শতাংশ ভোটারকে ইতিমধ্যেই ভোটার ইনফরমেশন স্লিপ বন্টন করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত যেসব অভিযোগ পাওয়া গেছে ইতিমধ্যেই তার সমাধান করা হয়েছে। ভোটারদের কাজে নিযুক্ত মাইক্রো অবজারভারদের নিয়ে আমবাসা টাউন হলে আজ এক কর্মশালার আয়োজন করা হয়েছে। ধলাই এবং খোয়াই জেলার সাধারণ পর্যবেক্ষক এবং ধলাই জেলা নির্বাচন আধিকারিক প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন।
